গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd.

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০৪৪.২২-২২০৪২/৬ তারিখ ৩১/০৮/২০২২ খ্রি.

বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠানে সপ্তাহে ২ দিন ছুটি কার্যকর হওয়ার প্রেক্ষিতে ৬ দিনের শ্রেণি কার্যক্রম সমন্বয়পূর্বক ৫ দিনের জন্য পরিমার্জিত সময়সূচি সংক্রান্ত।

সূত্রঃ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর স্মারক: ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪৭.২১/১৩০৯, তারিখ: ২৮/০৮/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুক্রবার ও শনিবার ২দিন সাপ্তাহিক ছুটি কার্যকর করা হয়েছে। শিক্ষার্থীদের যাতে শিখন ঘাটতি সৃষ্টি না হয় এবং শিক্ষাক্রমের বিষয়-কাঠামো অক্ষুন্ন রেখে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রচলিত সময়সূচি পরিমার্জন করে নিম্নরূপ করা হয়েছে:

০১। ষষ্ঠ থেকে দশম শ্রেণি-

- রবিবার থেকে বৃহস্পতিবার প্রতিদিন ৭টি করে সপ্তাহে মোট ৩৫ টি শ্রেণি কার্যক্রম (পিরিয়ড) পরিচালিত হবে;
- এক শিফট বিশিষ্ট প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রমের ব্যাপ্তি দৈনিক সমাবেশ ১৫ মিনিট, বিরতি ৩০ মিনিটসহ মোট ৬ ঘন্টা ১০ মিনিট হবে;
- দুই শিফট বিশিষ্ট প্রতিষ্ঠানে প্রতি শিফটে শ্রেণি কার্যক্রমের ব্যাপ্তি দৈনিক সমাবেশ ১৫ মিনিট, বিরতি ২০ মিনিটসহ মোট ৫ ঘন্টা ০৫ মিনিট হবে;
- প্রথম শিফট সকাল ৭ টায় শুরু হয়ে ১২.০৫ মিনিটে শেষ হবে। দ্বিতীয় শিফট ১২.২০ মিনিটে শুরু হয়ে ৫.২৫ মিনিটে শেষ হবে।

০২। একাদশ ও দ্বাদশ শ্রেণি-

- প্রতিটি শ্রেণি কার্যক্রমের ব্যাপ্তি হবে ৫০ মিনিট;
- বাংলা, ইংরেজি এবং শাখাভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ের জন্য সপ্তাহে প্রতি বিষয়ে ৫টি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের জন্য ৩টি শ্রেণি কার্যক্রম (পিরিয়ড) পরিচালিত হবে। অর্থাৎ সপ্তাহে মোট ২৮ টি (২৫+৩) শ্রেণি কার্যক্রম পরিচালিত হবে;
- ঐচ্ছিক বিষয়ের জন্য ৫টি শ্রেণি কার্যক্রম (পিরিয়ড) পরিচালিত হবে। এক্ষেত্রে ঐচ্ছিক বিষয় আছে এমন শিক্ষার্থী সপ্তাহে ৩৩টি শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করবে।

এমতাবস্থায়, পরিমার্জিত সময়সূচির (সংযুক্তি ০১ থেকে ০৪) বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১.৮.২০২২

(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ০২২২৩৩৮৩৪৩৯

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০২. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল);
০৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৪. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা);
০৫. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা;
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৬। সংরক্ষণ নথি।

doc:/E/doc/F.C Others

সংযুক্তি-১

ক. এক শিফটে পরিচালিত প্রতিষ্ঠানসমূহের জন্য প্রস্তাবিত সময়সূচি

পিরিয়ড	প্রাত্যহিক সমাবেশ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	চতুর্থ	বিরতি	পঞ্চম	ষষ্ঠ	সপ্তম
ব্যাপ্তি	১৫মি.	৫৫মি.	৪৫মি.	৪৫মি.	৪৫মি.	৩০ মি.	৪৫ মি.	৪৫ মি.	৪৫ মি.
সময়	১০.০০-১০.১৫	১০.১৫-১১.১০	১১.১০-১১.৫৫	১১.৫৫-১২.৪০	১২.৪০-১.২৫	১.২৫-১.৫৫	১.৫৫-২.৪০	২.৪০-৩.২৫	৩.২৫-৪.১০

- বর্তমান কর্মঘণ্টা: ৬ ঘণ্টা ১০ মিনিট
- প্রস্তাবিত কর্মঘণ্টা: ৬ ঘণ্টা ১০ মিনিট

খ. দুই শিফটে পরিচালিত প্রতিষ্ঠানসমূহের জন্য প্রস্তাবিত সময়সূচি (প্রথম শিফট/ প্রভাতি শাখা)

পিরিয়ড	প্রাত্যহিক সমাবেশ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	চতুর্থ	বিরতি	পঞ্চম	ষষ্ঠ	সপ্তম
ব্যাপ্তি	১৫মি.	৪৫মি.	৪০মি.	৪০মি.	৪০মি.	২০মি.	৩৫মি.	৩৫মি.	৩৫মি.
সময়	৭.০০-৭.১৫	৭.১৫-৮.০০	৮.০০-৮.৪০	৮.৪০-৯.২০	৯.২০-১০.০০	১০.০০-১০.২০	১০.২০-১০.৫৫	১০.৫৫-১১.৩০	১১.৩০-১২.০৫

- বর্তমান কর্মঘণ্টা: ৫ ঘণ্টা ৩৫ মিনিট
- প্রস্তাবিত কর্মঘণ্টা: বিরতির সময় সমন্বয়সহ ৫ ঘণ্টা ৫ মিনিট

গ. দুই শিফটে পরিচালিত প্রতিষ্ঠানসমূহের জন্য প্রস্তাবিত সময়সূচি (দ্বিতীয় শিফট/ দিবা শাখা)

পিরিয়ড	প্রত্যাহিক সমাবেশ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	বিরতি	চতুর্থ	পঞ্চম	ষষ্ঠ	সপ্তম
ব্যাপ্তি	১৫মি.	৪৫মি.	৪০মি.	৪০মি.	২০মি.	৪০মি.	৩৫মি.	৩৫মি.	৩৫মি.
সময়	১২.২০-১২.৩৫	১২.৩৫-১.২০	১.২০-২.০০	২.০০-২.৪০	২.৪০-৩.০০	৩.০০-৩.৪০	৩.৪০-৪.১৫	৪.১৫-৪.৫০	৪.৫০-৫.২৫

- বর্তমান কর্মঘণ্টা: ৫ ঘণ্টা ৩৫ মিনিট
- প্রস্তাবিত কর্মঘণ্টা: বিরতির সময় সমন্বয়সহ ৫ ঘণ্টা ৫ মিনিট

সংযুক্তি-২

ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণি

বিষয় কাঠামো ও সাপ্তাহিক পিরিয়ড সংখ্যা

ক্রম	বিষয়	বরাদ্দকৃত নম্বর	পিরিয়ড সংখ্যা
১.	বাংলা	১৫০	৫
২.	ইংরেজি	১৫০	৫
৩.	গণিত	১০০	৪
৪.	বাংলাদেশ ও বিশ্বপরিচয়	১০০	৩
৫.	বিজ্ঞান	১০০	৪
৬.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	৫০	২
৭.	ধর্ম ও নৈতিক শিক্ষা	১০০	৩
৮.	শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য	৫০	২
৯.	কর্ম ও জীবনমুখী শিক্ষা	৫০	২
১০.	চারু ও কারুকলা	৫০	২
১১.	ঐচ্ছিক বিষয় (যেকোনো একটি) (ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি/কৃষিশিক্ষা/ গার্হস্থ্য বিজ্ঞান/আরবি/সংস্কৃত/পালি)	১০০	২
১২.	লাইব্রেরি ওয়ার্ক/সহশিক্ষাক্রমিক কার্যক্রম		১
	মোট	১০০০	৩৫

- শিক্ষাক্রমে সপ্তাহে ৬দিনে ৩৪টি পিরিয়ড নির্ধারিত রয়েছে।
- লাইব্রেরি ওয়ার্ক/সহশিক্ষাক্রমিক কার্যক্রম ১টি পিরিয়ড অন্তর্ভুক্ত করে সমন্বয় করা হয়েছে।

সংযুক্তি-৩

নবম ও দশম শ্রেণি

বিষয়, নম্বর বিভাজন ও পিরিয়ড সংখ্যা

ক্রম	ধরন	বিষয়	বরাদ্দকৃত নম্বর	পিরিয়ড সংখ্যা
১.	আবশ্যিক বিষয়	বাংলা	২০০	৫
২.		ইংরেজি	২০০	৫
৩.		গণিত	১০০	৪
৪.		ধর্ম ও নৈতিক শিক্ষা	১০০	২
৫.		তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	৫০	২
৬.		ক্যারিয়ার শিক্ষা	৫০	১
৭.		শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা	১০০	১
৮.	আবশ্যিক বিষয় (বিজ্ঞান শাখার জন্য বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য বিজ্ঞান)	বিজ্ঞান/ বাংলাদেশ ও বিশ্বপরিচয়	১০০	৩
৯.	শাখাভিত্তিক নৈর্বাচনিক বিষয়	বিষয়-১	১০০	৩
১০.		বিষয়-২	১০০	৩
১১.		বিষয়-৩	১০০	৩
১২.	ঐচ্ছিক বিষয়	বিষয়-৪	১০০	৩
		মোট	১৩০০	৩৫

- শিক্ষাক্রমে সপ্তাহে ৬দিনে ৩৬টি পিরিয়ড নির্ধারিত রয়েছে।
- শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা বিষয়ে ২টি পিরিয়ডের স্থলে ১টি পিরিয়ড কমিয়ে সমন্বয় করা হয়েছে।